



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**4 SEPTEMBER 2024**

**7:35 AM IST**

ভারতীয় জনতা পার্টি দলটি মূলতঃ কর্মকর্তাদের উপর নির্ভরশীল একটি দল এবং কর্মকর্তাদের শক্তিতেই বিজেপি দলটি প্রাণবন্ত হয়ে রয়েছে । ‘বিজেপি’ শব্দটি বললে তৃণমূল পর্যায় থেকে কাজ করে প্রধানমন্ত্রীর পদ পর্যন্ত যেতে পারা এবং নিজেকে রাষ্ট্রের উদ্দেশ্যে উৎসর্গ করা একেকজন ব্যক্তির ছবি সকলের চোখের সামনে চলে আসে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তু বিশ্ব শর্মা মন্তব্য করেন । সদস্য ভর্তি অভিযানে গতকাল নিজের সদস্য পদ নবীকরণ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা একথা বলেছেন । দলের রাজ্য সাধারণ সম্পাদক ও সদস্যভর্তি অভিযান-২০২৪এর মুখ্য আহ্বায়ক পল্লব লোচন দাসের তত্ত্বাবধানে গতকাল রাজ্য বিজেপি’র মুখ্য কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্য বিজেপি’র সভাপতি ভবেশ কলিতার কাছ থেকে সদস্যপদ নবীকরণ করেছেন । এই অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা, গুয়াহাটীর সাংসদ বিজুলী কলিতা মেধি, মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া সহ পাঁচশয়েরও বেশি দলীয় কর্মকর্তা উপস্থিত ছিলেন ।

গুয়াহাটী মহানগর পুলিশ সাইবার অপরাধের সঙ্গে জড়িত থাকার অভিযোগে গতকাল চারজন যুবককে গ্ৰেপ্তার করেছে। পুলিশ গুয়াহাটীৰ হাতিগাওয়েৰ একটি ফ্ল্যাটে অভিযান চালিয়ে ৪৪টি চেকবুক, ১২টি পাসবুক, ৪৯টি ডেবিট কার্ড, সংযুক্ত আরব আমীৰ শাহী ও থাইল্যান্ডেৰ মুদ্রা, ১৭টি মোবাইল সিম কার্ড সহ বহু সামগ্ৰী বাজেয়াপ্ত করেছে। এ বিষয়ে গতকাল আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে গুয়াহাটী মহানগরের পুলিশ কমিশনার দিগন্ত বৰা জানান যে- সাইবার অপরাধে জড়িত সন্দেহে অভিযুক্তগণ বিভিন্ন লোকের নামে কৌশলে ব্যাংক অ্যাকাউন্ট খুলেছিল। পরবর্তী পর্যায়ে সাইবার অপরাধী চক্রটি অর্থ সরবরাহের জন্য এই ব্যাংক অ্যাকাউন্টগুলি ব্যবহার করে এবং চক্রটি অশিক্ষিত ও নিম্ন আয়ের লোকদের লক্ষ্য করে কাজ করত। ব্যাংক অ্যাকাউন্ট খোলার পর পাসবুক, এটিএম কার্ড, চেকবুক সহ সব নথিপত্র দুবাই সহ অন্যান্য রাজ্যে থাকা অপরাধী চক্রের কাছে পাঠিয়ে দেয় বলে শ্রীবৰা জানান। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে বলে শ্রী বৰা জানান।

---

আসাম সরকার ২০২৪-২৫ অর্থবছরের শিল্পী পেনশন প্রকল্পের জন্য রাজ্যের শিল্পীদের কাছ থেকে প্রয়োজনীয় প্রমাণ পত্র সহ আবেদন পত্র চেয়েছে। রাজ্যের সাংস্কৃতিক সঞ্চালকালয় থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আবেদনপত্র [www.directorculture.assam.gov.in](http://www.directorculture.assam.gov.in) এবং [www.silpisammanassam.com](http://www.silpisammanassam.com) এ আজ থেকে আবেদন করা যাবে। আবেদন পত্র আগামী ১৫ই অক্টোবরের মধ্যে দাখিল করতে বলা হয়েছে। নির্দিষ্ট তারিখের পর বা অফলাইনে আবেদন গ্রহণযোগ্য হবে না। রাজ্যের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের আওতাধীন সাংস্কৃতিক কেন্দ্রসমূহের দায়িত্বে থাকা সাংস্কৃতিক উন্নয়ন আধিকারিক বা এর নীচের পদের সহায়করা সংশ্লিষ্ট জেলার আবেদনকারী দিব্যাঙ্গ শিল্পীদের ঘরে গিয়ে অনলাইনে

আবেদন পত্র জমা দিতে সহায়তা করবেন । সংশ্লিষ্ট সাংস্কৃতিক উন্নয়ন আধিকারিক বা এই বিভাগের নীচু পদের কর্মী-সহায়কদের নাম ও যোগাযোগের নম্বর ওয়েবসাইটে পাওয়া যাবে ।

---

হাইলাকান্দি শহরে চলাচলকারী ই-রিक्কাগুলিকে একটি নিয়ম শৃংখলার গন্ডীতে বেঁধে দিতে জেলা পরিবহন আধিকারীককে নির্দেশ দেওয়া হয়েছে । হাইলাকান্দি জেলা উন্নয়ন কমিটির সেপ্টেম্বর মাসের বৈঠক গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয় । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় পূর্ত বিভাগকে প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনায় জেলার সব সরকারী ভবনগুলিতে সৌর বিদ্যুৎ সংযোগ দেবার নির্দেশ দেওয়া হয়েছে । সভায় জেলা শিল্প ও বানিজ্য বিভাগ থেকে জানানো হয় যে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনায় জেলায় প্রথম পর্যায়ের তিন হাজার ৬শ ৬৩টি , দ্বিতীয় পর্যায়ের এক হাজার দুশ ৪১টি এবং তৃতীয় পর্যায়ের ৩১০টি আবেদন পত্রে অনুমোদন জানানো হয়েছে ।

---

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা সভাপতি স্বপন ভট্টাচার্য্য এক নির্দেশে দলের সংখ্যালঘু মোর্চার সভাপতি পদ থেকে আমজাদুল হোসেন মজুমদারকে বরখাস্ত করেছেন । এছাড়া জেলা সাধারণ সম্পাদক খাইরুল আলম মজুমদারকেও পদ ও দায়িত্ব থেকে অব্যহতি দেওয়া হয়েছে ।

---

আর্থিক অনিয়মের অভিযোগে জড়িত সন্দেহে গ্রেপ্তার সিংহানিয়া ফিলটেক এগ্রি বিজনেস কোনসোর্টিয়াম লিমিটেড নামের কোম্পানীর কর্মচারীদের কাছ থেকে নিজেদের জমা করা অর্থ ফিরিয়ে দেবার দাবীতে গতকাল বেশকয়েকজন মহিলা হাইলাকান্দি থানায় ঘেরাও কার্যসূচী পালন করে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন । এই মহিলারা কোম্পানীটিতে ঋণের জন্য আবেদন করেছিলেন এবং কোম্পানীটি প্রত্যেক গ্রাহকের কাছ থেকে ঋণের প্রোসেসিং মাশুল বাবদ দু হাজার টাকা করে গ্রহণ করে কিন্তু ছমাস পরও ঋন প্রদান করা হয় নি বলে অভিযোগ করেন । কোম্পানীটির হাইলাকান্দি শাখা কার্যালয়টি ইতিমধ্যে পুলিশ সিল করে দেয় এবং ১২ জন কর্মচারীকে গ্রেপ্তার করে । কোম্পানীর প্রধান আমজাদুর হুসেন মজুমদারকে পুলিশ শিলচর থেকে গ্রেপ্তার করে । উল্লেখ্য হাইলাকান্দিতে প্রায় ৫ হাজার গ্রাহক থেকে ঋন প্রদানের নামে কোম্পানীটি ১০ কোটি টাকা সংগ্রহ করেছিলো বলে আন্দোলনকারী মহিলারা অভিযোগ করেছেন ।

---

হাইলাকান্দি ডায়েটের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের সহযোগীতায় গতকাল হাইলাকান্দি ডায়েটে রক্তদান শিবির ও ক্যান্সার সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দি ডায়েটের অধ্যক্ষ তাজ উদ্দিন লস্করের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় রক্তদান শিবিরের প্রাসঙ্গিকতা নিয়ে প্রাক্তন অধ্যক্ষ পরিতোষ চন্দ্র দত্ত এবং ক্যান্সার প্রতিরোধ নিয়ে কাছাড় ক্যান্সার হাসপাতালের ডক্টর অহমিকা বিশ্বাস প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---

=====